

এইচএসসি পরীক্ষা শুরু

কয়েকস্থানে প্রশ্ন
ফাঁসের অভিযোগ

নিম্নে বার্তা পরিবেশক

প্রশ্ন ফাঁসের মধ্য দিয়ে শুরু হয়েছে এইচএসসি ও সমমানের পরীক্ষা। পরীক্ষার আগের দিন বিভিন্ন জেলায় প্রশ্নপত্র ফাঁস হয়ে যায়। এই পরীক্ষার প্রথমদিনে ১০ শিক্ষা বোর্ডের বিভিন্ন কেন্দ্রে অনর্ধিত ছিল ১০ হাজার ৩২৪ জন পরীক্ষার্থী। আর অপদৃশ্য অবলম্বনের দায়ে বহিষ্কার হয়েছে ৪৫ জন পরীক্ষার্থী। 'ব্রাহ্মশিক্ষা' বোর্ড সমন্বয় সাধন-কমিটির পক্ষীক নিয়ন্ত্রণ শাখা থেকে গতকাল সূচ্যায় পরীক্ষায় অনুপস্থিত ও বহিষ্কার সংক্রান্ত তথ্য জানানো হয়।

অনর্ধিত পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডের দুই হাজার দু'জন, রাজশাহী বোর্ডের এক হাজার ১৩৯ জন, কুমিল্লা বোর্ডের এক হাজার ৬৫ জন, ফরাসি বোর্ডের এক হাজার ১৭০ জন। পরীক্ষা : পৃষ্ঠা : ১৫ ক : ৪



-সংবাদ

পরীক্ষা : শুরু

(১ম পৃষ্ঠার পর)

৪টিয়াম বোর্ডের ৬৮৩ জন, সিলেট বোর্ডের ৫৭৫ জন, বরিশাল বোর্ডের ৪৪০ জন, দিনাজপুর বোর্ডের ৭৪৫ জন, মত্ৰাসা বোর্ডের এক হাজার ২৫৭ জন এবং কারিগরি বোর্ডের এক হাজার ২৪৮ জন।

বহিষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা বোর্ডের দু'জন, রাজশাহী বোর্ডের একজন, কুমিল্লা বোর্ডের দু'জন, ফরাসি বোর্ডের তিনজন, বরিশাল বোর্ডের তিনজন, দিনাজপুর বোর্ডের তিনজন, মাদরাসা বোর্ডের চারজন এবং কারিগরি শিক্ষা বোর্ডের সর্বোচ্চ ২৭ জন।

প্রশ্ন ফাঁস : এদিকে পরীক্ষার আগের দিন বুধবার রাতে দেশের বেশ কয়েকটি জেলায় প্রশ্ন ফাঁসের অভিযোগ উঠে। প্রশ্ন ফাঁসের সঙ্গে জড়িত থাকার দায়ে ব্রাহ্মশিক্ষায় তিনজন, শেরপুরে চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। কিন্তু শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রশ্ন ফাঁসের অভিযোগ নাকচ করে দিয়ে বলেছেন, এটি ওহাব। তিনি গতকাল মতিঝিল আইডিয়াল হুস আড্ড কলেজ কেন্দ্রে পরিদর্শন করেন। এ সময় তার শিক্ষা প্রশাসনের উপরতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী শিক্ষার্থী ও অভিভাবকদের সঙ্গে কথা বলেন এবং পরীক্ষার সার্বিক খোজ-খবর নেন। পরীক্ষাকালীন সময়ে শিক্ষার্থীদের সুরক্ষিত হয় এরকম সাময়িক কোন কর্মসূচি দেয়া থেকে বিরত থাকতে সাময়িক মনঃসংলগ্ন প্রতি আহ্বান জানান শিক্ষামন্ত্রী।

শিক্ষামন্ত্রী সাংবাদিকদের বলেন, সারাদেশে সৃষ্ট শান্তিপূর্ণ ও আনন্দময় পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে এইচএসসি পরীক্ষা। পরীক্ষার সার্বিক সহযোগিতার জন্য অভিভাবক, শিক্ষকসমষ্টি ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের অভিনন্দন জানান মন্ত্রী। এ সময় তিনি বলেন, ৭এ রত্নের ২৫টি বিষয়ে সূচনশীল পর্যায়ে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। সূচনশীল পর্যায়ে পরীক্ষা দিতে পেরে শিক্ষার্থীরা আনন্দিত। এদিকে শেরপুরে এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে ফটোস্ট্যাট মেশিনসহ তিন ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। বুধবার রাত ১১টার দিকে শহরের কলেজ মোড়, তিনি গেট ও নতুন বাস টার্মিনাল এলাকা থেকে গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ তাদের আটক করে। আটককৃতরা হলেন ওয়ার্ড আইটির মালিক আনিসুর রহমান (৩০), শাপলা লাইব্রেরির মালিক আসাদুল্লাহমান বিপুল (২০) ও কল্যাণ কুমার রায় (২১)।

শেরপুরের এএসপি (সার্কেল) শাহজাহান সাংবাদিকদের জানান, এসব ফটোস্ট্যাট সোকান থেকে এইচএসসি পরীক্ষার বাংলা ১ম পত্রের 'ক' সেট নামে আটকপি প্রশ্নপত্র ও হাতে লেখা উত্তরপত্র উদ্ধার করা হয়। এরা চড়া মুদ্রা বৃহস্পতিবারের এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র বলে পরীক্ষার্থীদের কাছে এসব প্রশ্ন ও উত্তরপত্র বিক্রি করছিল। আটককৃতদের বিরুদ্ধে ১৯৮০ সালের পাবলিক পরীক্ষা আইন মামলা করা হয়েছে।

গতকাল সকাল ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত বাংলা (আবশ্যিক) ১ম পত্র, মহল্লা বাংলা ১ম পত্র, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি ১ম পত্র এবং মাদরাসা বোর্ডের অধীনে কুরআন মাজিদ পরীক্ষা অনুষ্ঠিত হয়। আর আগামী রোববার (৬ এপ্রিল) সকালে সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে বাংলা (আবশ্যিক) ২য় পত্র, মহল্লা বাংলা ২য় পত্র, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি ২য় পত্র এবং মাদরাসা বোর্ডের অধীনে ইংরেজি আবশ্যিক সব বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১০টি শিক্ষা বোর্ড থেকে এবার এই পরীক্ষায় ১১ লাখ ৪১ হাজার ৩৭৪ শিক্ষার্থী অংশ নিচ্ছেন। ১০টি শিক্ষা বোর্ডের অধীনে আগামী ৫ জন পর্যন্ত তরুণ বিষয় এবং ৭ থেকে ১৬ জনের মধ্যে ব্যবহারিক পরীক্ষা একযোগে অনুষ্ঠিত হবে। গত বছর এইচএসসি ও সমমানের পরীক্ষায় ১০ লাখ ১২ হাজার ৫৮১ জন ছাত্রছাত্রী অংশ নিয়েছিলেন। এই হিসাবে এবার পরীক্ষার্থী বেড়েছে এক লাখ ২৮ হাজার ৭৯৩ জন।